4004

বিদ্যাসাগর চরিত

স্বরচিত

শ্রীনারায়ণ বন্দ্যোপাধ্যায় সঙ্কলিত

কলিকাতা

সংশ্রুত সকে :

मः वर ১৯৪৮।

PUBLISHED BY THE CALCUTTA LIBRARY, No. 25, SUREAS' STREET, CALCUTTA. 1891.

বিজ্ঞাপন

পিতৃদেব, পূজাপাদ ঈশ্বচন্দ্র বিদ্যাগার, খীয় "আত্মজীবনচরিত" লিখিতে আরম্ভ করিয়াছিলেন। কিন্তু নিতান্ত
ছুর্জাগ্যের বিষয় এই যে, সম্পূর্ণ করা দরে থাকুক, ছুই
পরিচ্ছেদের অধিক তিনি লিখিয়া যাইতে পারেন নাই।
শারীরিক অমুস্থতা ও নানাকার্য্যে ব্যক্ততা নিবন্ধন তাঁহার
অনেক আরম্ধ গ্রন্থ পড়িয়া আছে। তাঁহার আত্মজীবনচরিত্ত তাহাদের অন্ততম।

"আত্মজীবনচরিতের" সতি জন্ন ভাগই তিনি নিথিয়া গিয়াছেন। তাঁহার পূর্মপুরুষণাণের সাজ্মপ্ত রুত্তান্ত, ও সীয় শৈশবের সামান্ত বিবরণ মাত্র, এই ছুই পরিছেদে লিপিবদ্ধ আছে। যদি তিনি, বিধবাবিবাহের আন্দোলনের সময় পর্যান্ত, অন্তহঃ তাঁহার কর্ম্ম জীবনের প্রারম্ভ পর্যান্ত, নিথিয়া যাইতে পারিতেন, তাহা হইলেও আমরা পর্যাপ্ত মনে করিতাম। কারণ, তাহার পর হইতে তিনি সমাজে বিলক্ষণ প্রতিপন্ন হইয়াছিলেন, এবং পরবর্তী জীবনে, তিনি অনেকের ঘনিষ্ঠ সংস্রবে আনিয়াছিলেন।

সুতরাং, সে সময়ের ঘটনা-পরম্পরা, তিনি নিজে না লিখিয়া গেলেও, জানিবার সম্ভাবনা ছিল। যদি তিনি তাঁহার ছাত্রজীবনের ইতিহাস নিজে লিখিয়া যাইতে পারিতেন, তাহা হইলেও তাঁহার জীবনচরিত সম্পূর্ণ করা সহজ হইত।

তিনি, প্রায়ই, আত্মীয় ও বান্ধবগণের নিকটে, স্বীয় জীবনের অনেক ঘটনার গল্প করিতেন; আমরাও নানাস্থ্রে কিছু কিছু অবগত আছি। তদ্তির, স্বর্গীয় শিভ্দেব, আনেক কাগজ পত্র রাখিয়া গিয়াছেন। সেই সমুদ্য় অবলম্বন করিয়া ভবিষ্যতে তাঁহার জীবনচরিত লিখিত হইতে পারিবেক। কিন্তু তিনি নিজে লিখিলে যেরপ হইত, আর কিছুতেই সেরপ হইবার সম্ভাবনা নাই, ইহা অলপ আক্ষেপের বিষয় নহে।

আমাদের ইচ্ছা ছিল, ভবিষ্যতে যখন আমরা ভাঁচার জীবনচরিত ও চিঠিপত্র প্রকাশিত করিব, তখন, তাহার প্রারম্ভ ভাগে, ভাঁহার আত্মজীবনচরিতের এই হুইটি পরি-ছেদ গ্রথিত করিয়া দিব। কিন্তু, খর্গীয় পিতৃদেবের আত্মীয় স্কনগণ, ইতিপূর্বে শুনিয়াছিলেন যে, তিনি আত্মজীবন-চরিত লিখিতেছেন। ভাঁহাদের ইচ্ছা ও অনুরোধ এই যে. তিনি যত্তুকু লিখিয়া রাখিয়া গিয়াছেন, আপাততঃ ভাহাই

প্রকাশিত হউক। তদনুরোধে, তদীয় আজ্ঞীবনচরিতের এই দুই পরিচ্ছেদ এত শীজ্ঞ প্রকাশিত হইল।

এই হুই পরিচ্ছেদ 'বিজ্ঞাদাগর চরিত' নামে অভিহিত হইল। আপাততঃ এই স্বম্পেপরিমিত আত্মদীবনচরিত তদীয় জীবনচরিতের প্রথম অংশ স্বরূপ পরিগণিত হইবে। তবিষ্যতে, তাঁহার জীবনের অবশিষ্ট ভাগের বিবরণ, স্বত্তম প্রকাশিত হইবে।

কলিকাভা
১ই আখিন। সংবৎ ১৯৪৮।



বিদ্যাসাগর চরিত



শকাকাঃ ১৭৪২, ১২ই আশ্বিন, মঙ্গলবার, দিবা দিপ্রহরের সময়, বীরসিংহগ্রামে আমার জন্ম হয়। আমি জনকজননীর প্রথম সন্তান।

বীরসিংছের আধ কোশ অন্তরে, কোমরগঞ্জ নামে এক প্রাম আছে; ঐ প্রামে, মঙ্গলবারে ও শনিবারে, মধ্যাক্লসময়ে, হাট বসিয়া থাকে। স্থামার জন্ম সময়ে, পিতৃদেব বাটাতে ছিলেন না; কোমর-গঞ্জে হাট করিতে গিয়াছিলেন। পিতামহদেব তাঁহাকে আমার জন্মশংবাদ দিতে যাইতেছিলেন; পথিমধ্যে, তাঁহার সহিত সাক্ষাৎ হইলে, বলিলেন, "একটি এঁড়ে বাছুর হইয়াছে"। এই সময়ে, আমাদের বাটাতে, একটি গাই গর্ভিণী ছিল; তাহারও, স্মান্ধ কাল, প্রাস্থ হইবার সন্তাবনা। এজন্য, পিতামহদেবের কথা শুনিয়া, পিতৃদেব মনে করিলেন,
গাইটি প্রস্ব হইরাছে। উভরে বাটীতে উপস্থিত
হইলেন। পিতৃদেব, এঁড়ে বাছুর দেখিবার জন্য,
গোয়ালের দিকে চলিলেন। তখন পিতামহদেব
হাস্থ্যে বলিলেন, "ও দিকে নয়, এ দিকে এস;
সামি তোমায় এঁড়ে বাছুর দেখাইয়া দিতেছি"।
এই বলিয়া, স্থতিকা গৃহে লইয়া গিয়া, তিনি এঁড়ে
বাছুর দেখাইয়া দিলেন।

এই অকিঞ্চিৎকর কথার উল্লেখের তাৎপর্য্য এই
যে, আমি বাল্যকালে, মধ্যে মধ্যে, অতিশয় অবাধ্য
ছইতাম। প্রহার ও তিরক্ষার দ্বারা, পিতৃদেব আমার
অবাধ্যতা দূর করিতে পারিতেন না। ঐ সময়ে,
তিনি, সন্নিহিত ব্যক্তিদের নিকট, পিতামহদেবের
পূর্ব্বোক্ত পরিহাদ বাক্যের উল্লেখ করিয়া, বলিতেন,
"ইনি সেই এঁড়ে বাছুর; বাবা পরিহাদ করিয়াছিলেন, বটে; কিন্তু, তিনি দাক্ষাৎ ঋষি ছিলেন;
তাঁহার পরিহাদ বাক্যও বিকল হইবার নহে; বাবাদ্ধি
আমার, ক্রমে, এঁড়ে গরু অপেকাও একগুঁইয়া

হইরা উঠিতেছেন''। জন্ম সময়ে, পিতামহদেব, পরি-হাস করিয়া, আমায় এঁড়ে বাছুর বলিয়াছিলেন; জ্যোতিষশান্ত্রের গণনা অন্প্রসারে, র্ষরাশিতে আমার জন্ম হইয়াছিল; আর, সময়ে সময়ে, কার্যা ছারাও, এঁড়ে গরুর পূর্বোক্ত লক্ষণ, আমার আচরণে, বিলক্ষণ আবিভূতি হইত।

বীরসিংহপ্রামে সামার জন্ম হইরাছে; কিন্তু,
এই প্রাম সামার পিতৃপক্ষীয় স্থবা মাতৃপক্ষীয়
পূর্ব পুরুষদিগের বাসস্থান নহে। জাহানাবাদের
ঈশান কোণে, তথা হইতে প্রায় তিন ক্রোশ সন্তরে,
বন্মালিপুর নামে যে প্রাম আছে, উহাই সামার
পিতৃপক্ষীয় পূর্বে পুরুষদিগের বহুকালের বাসস্থান।
যে ঘটনাস্থরে, পূর্বেপুরুষদিগের বাসস্থানে বিসর্জন
দিয়া, বীরসিংহ প্রামে সামাদের বসতি ঘটে, তাহা
সংক্ষেপে উল্লিখিত হইতেছে।

প্রপিতামহদেব ভুবনেশ্বর বিভালক্ষারের পাঁচ সন্তান; জ্যেষ্ঠ নৃসিংহরাম, মধ্যম গঙ্গাধর, তৃতীয় রামজয়, চতুর্থ পঞ্চানন, পঞ্চম রামচরণ। তৃতীয় রামজয় তর্কভুবণ আমার পিতামহ। বিভালকার মহাশয়ের দেহাত্যয়ের পর, জ্যেষ্ঠ ও মধ্যম, সংসারে কর্তৃত্ব করিতে লাগিলেন। সামান্ত বিষয় উপলক্ষে, তাঁহাদের সহিত কথান্তর উপস্থিত হইয়া, ক্রমে বিলক্ষণ মনান্তর ঘটিয়া উঠিল। জ্যেষ্ঠ ও মধ্যম সহোদরের অবমাননাব্যঞ্জক বাক্যপ্রয়োগে, তদীয় অন্তঃকরণ নিরতিশয় ব্যশিত হইল। কিংকর্ত্ব্যবিমূদ্ হইয়া, তিনি কতিপয় দিৰস অতিবাহিত করিলেন; অবশেষে, আর এস্থানে অবস্থিতি করা, কোনও ক্রমে, বিধেয় নহে, এই সিদ্ধান্ত করিয়া, কাহাকেও কিছু না বলিয়া, এককালে, দেশত্যাণী হইনেন।

বীরসিংহপ্রামে, উমাপতি তর্কসিদ্ধান্ত নামে অতি প্রসিদ্ধ পণ্ডিত ছিলেন। ব্যাকরণে সবিশেষ পারদর্শিতা বশতঃ, তর্কসিদ্ধান্ত মহাশার, রাঢ়দেশে অদ্বিতীয় বৈয়াকরণ বলিয়া, পরিগণিত হইয়াছিলেন। এরপ কিংবদন্তী আছে, মেদিনীপুরের প্রসিদ্ধ ধনী চন্দ্রশেখর ঘোষ, মহাসমারোহে, মাতৃশ্রাদ্ধ করিয়া-ছিলেন। শ্রাদ্ধনভায়, নবদ্বীপের প্রধান নৈয়ারিক প্রসিদ্ধ শঙ্কর তর্কবাগীশ পর্যান্ত উপস্থিত হইয়া-ছিলেন। তর্কসিদ্ধান্ত মহাশার, স্বীয় ব্যাকরণবিস্থার

বিশিষ্টরূপ পরিচয় দিয়া, তর্কবাগীশ মহাশয়কে সাতিশয় সম্ভুষ্ট করেন। তর্কবাগীশ মহাশয়, মুক্ত-कर्ल, माधुरामश्रमान, ও मिरिम्य जानत महकारत, जालिक्रनमान, कतिशाहित्यन। এই घटना बाता, তর্কসিদ্ধান্ত মহাশয়, সর্ব্বত্র, যারপর নাই, মাননীয় ও প্রশংসনীয় হইয়াছিলেন। রামজয় তর্কভূষণ এই উমাপতি তর্কদিদ্ধান্তের তৃতীয়া কন্যা হুর্গাদেবীর পাণিগ্রহণ করেন। ছুর্গাদেবীর গর্ভে, তর্কভূবণ মহাশয়ের, হুই পুত্র ও চারি কতা। জন্মে। জ্যেষ্ঠ ठीकूत्रनाम, कनिष्ठं कालिनाम; (काष्ठी यक्रला, यश्रमा কমলা, তৃতীয়া গোবিন্দমনি, চতুর্থী অন্নপূর্ণা। জ্যেষ্ঠ ঠাকুরদান বন্দ্যোপাধ্যায় আমার জনক।

রামজয় তর্কভূষণ দেশত্যাণী হইলেন; হুর্গাদেবী,
পুত্র কন্সা লইয়া, বনমালিপুরের বাটীতে অবস্থিতি
করিতে লাগিলেন। অপ্প দিনের মধ্যেই, হুর্গাদেবীর
লাঞ্চনাভোগ, ও তদীয় পুত্র কন্সাদের উপর কর্ত্ত্বপক্ষের অযত্ন ও অনাদর, এত দ্র পর্যান্ত হইয়া উঠিল,
যে হুর্গাদেবীকে, পুত্রম্বয় ও কন্সাচতুইয় লইয়া,
পিত্রালয় যাইতে হইল। তদীয় লাতৃষ্ঠয় প্রভৃতির

আচরণের পরিচয় পাইয়া, তাঁহার পিতা, মাতা, ভাতা প্রভৃতি সাতিশ্র হঃখিত হইলেন, এবং তাঁহার ও তাঁহার পুত্রকক্যাদের উপর যথোচিত স্নেহপ্রদর্শন করিতে লাগিলেন। কতিপয় দিবদ অতি সমাদরে অতিবাহিত হইল। হুর্গাদেবীর পিতা, তর্কসিদ্ধান্ত মহাশয়, অতিশয় রদ্ধ হইয়াছিলেন; এজন্য, সংসারের কর্তৃত্ব তদীয় পুত্র রামস্থার বিষ্ঠাভূষণের হস্তে ছিল। স্বতরাং, তিনিই বাটীর প্রক্বত কর্তা, ও তাঁহার গৃহিণীই বাটার প্রকৃত কর্ত্রী। দেশাচার অञ्चनाद्य, उर्कनिकांख यहां नंत्र ७ जाहांत्र नहधियों, তৎকালে, সাক্ষিগোপাল স্বরূপ ছিলেন; কোনও বিষয়ে তাঁহাদের কর্ত্তর খাটিত না; সাংসারিক সমস্ত ব্যাপার, রামস্থদর ও তাঁহার গৃহিণীর অভি-প্রায় অমুসারেই, সম্পাদিত হইত।

কিছু দিনের মধ্যেই, পুজ্র কন্তা লইয়া, পিত্রালয়ে কাল্যাপন করা হুর্গাদেবীর পক্ষে বিলক্ষণ অস্থ্রের কারণ হইয়া উঠিল। তিনি স্বরায় বুঝিতে পারিলেন, তাঁহার জাতা ও ভাতৃভার্য্যা তাঁহার উপর অভিশর বিরূপ; অনিয়ত কালের জন্যে, সাতজনের ভরণ- BROWN HOLD CONTRACTOR

পোষণের ভারবছনে, তাঁহারা, কোনও মতে, সন্মত নছেন। তাঁছারা হুর্গাদেবী ও তদীয় পুত্রকক্যাদিগকে গলগ্রছবোধ করিতে লাগিলেন। রামস্থন্দরের বনিতা, কথায় কথায়, হুর্গাদেবীর অবমাননা করিতে আরম্ভ कतितन । यथन निजास व्यम् ताथ हरेज, इर्गाएनवी স্বীয় পিতা তর্কসিদ্ধান্ত মহাশয়ের গোচর করিতেন। তিনি, সাংসারিক বিষয়ে, বার্দ্ধক্য নিবন্ধন ঔদাসীতা অথবা কর্ত্তবিরহ বশভঃ, কোনও প্রতিবিধান করিতে পারিতেন না। অবশেষে, তুর্গাদেবীকে, পুত্রকন্তা। লইয়া, পিত্রালয় হইতে বহির্গত হইতে হইল। তর্কসিদ্ধান্ত মহাশয় সাতিশয় ক্ষুদ্ধ ও হঃখিত হইলেন, এবং স্বীয় বাটীর অনতিদ্রে, এক কুটীর নির্মিত कत्रिया निरलन। इर्शारनवी, शूलक्या नहेशा, सह কুটারে অবস্থিতি ও অতি কটে দিনপাত করিতে नाशित्नन।

ঐ সময়ে, টেকুয়া ও চরধায় সুত কাটিয়া, সেই সুত বেচিয়া, অনেক নিঃসহায় নিরুপায় জীলোক আপনাদের গুজরান করিতেন। হুর্গাদেবী সেই রুত্তি অবলগন করিলেন। তিনি, একাকিনী হইলে, অবলম্বিত রতি দ্বারা, অবলীলাক্রমে, দিনপাত করিতে পারিতেন। কিন্তু, তাদৃশ স্বাপ্য দ্বারা, নিজের, ত্বই পুল্রের, ও চারি কন্যার ভরণপোষণ সম্পন্ন হওয়া সম্ভব নহে। তাঁহার পিতা, সময়ে সময়ে, যথাসম্ভব, সাহায্য করিতেন; তথাপি তাঁহাদের, আহারাদি সর্ববিষয়ে, ক্রেশের পরিদীমা ছিল না। এই সময়ে, জ্যেষ্ঠ পুল্র ঠাকুরদাসের বয়ঃক্রম ১৪।১৫ বংসর। তিনি, মাতৃদেন্দ্র অন্তম্মতি লইয়া, উপার্জনের চেফায়, কলিকাতা প্রস্থান করিলেন।

সভারাম বাচম্পতি নামে আমাদের এক সন্ধিহিত জ্ঞাতি কলিকাতায় বাস করিয়াছিলেন। তাঁহার
পুত্র, জগমোহন ক্যায়ালস্কার, স্প্রসিদ্ধ চতুর্ভুজ
ভ্যায়রত্নের নিকট অধ্যয়ন করেন। ক্যায়ালস্কার
মহাশয়, ত্যায়রত্ন মহাশয়ের প্রিয়শিষ্য ছিলেন;
তাঁহার অন্থএহে ও সহায়তায়, কলিকাতায় বিলক্ষণ
প্রতিপন্ন হয়েন। ঠাকুরদাস, এই সন্নিহিত জ্ঞাতির
আবাসে উপস্থিত হইয়া, আত্মপ্রিচয় দিলেন, এবং
কি জত্যে আসিয়াছেন, অঞ্চপুর্গলোচনে তাহা ব্যক্ত

করিয়া, আশ্রয়প্রার্থনা করিলেন। স্থায়ালকার মহাশয়ের সময় ভাল, অকাতরে অয়বয়য় করিতেন;
এমন হলে, হর্দ্দশাপর আসর জ্ঞাতিসস্তানকে অয়
দেওয়া হরহ ব্যাপার নহে। তিনি, সাভিশয় দয়া
ও সবিশেষ সৌজন্য প্রদর্শন পূর্বেক, ঠাকুরদাসকে
আশ্রয়প্রদান করিলেন।

ঠাকুরদাস, প্রথমতঃ বনমালিপুরে, তৎপরে বীর-সিং ছে. সং ক্রিপ্রসার ব্যাকরণ পড়িয়াছিলেন। একণে তিনি, স্থায়ালক্ষার মহাশয়ের চতুষ্পাঠীতে, রীতি-মত সংস্কৃত বিষ্ণার অনুশীলন করিবেন, প্রথমতঃ এই ব্যবস্থা স্থির হইয়াছিল, এবং তিনিও তাদৃশ अधायन विषया, मविर्भिष अञ्चत्रक हिल्लन। किञ्च, य উদ্দেশে, তিনি কলিকাতায় আসিয়াছিলেন, मः ऋ उभार्य नियुक्त इरेल, जाहा मण्यन इन्न ना। তিনি, সংস্কৃত পড়িবার জন্ম, সবিশেষ ব্যথা ছিলেন, করিতেন, যত কন্ধ, যত অসুবিধা হউক না কেন, সংস্কৃতপাঠে প্রাণপণে যত্নীকরিব। কিন্তু, জননীকে ও ভাই ভগিনীগুলিকে কি অবস্থায় রাখিয়া

আসিয়াছেন, যখন তাহা মনে হইত, তখন সে
ব্যথ্যতা ও সে প্রতিজ্ঞা, তদীয় অন্তঃকরণ হইতে,
একবারে অপসারিত হইত। যাহা হউক, অনেক
বিবেচনার পর, অবশেষে ইহাই অবধারিত হইল,
যাহাতে তিনি শীঘ্র উপার্জনক্ষম হন, সেরূপ পড়া
শুনা করাই কর্ত্ব্য।

এই সময়ে, মোটামুটি ইঙ্গরেজী জানিলে, সওদাগর সাহেবদিগের হৌদে, অবাষাদে কর্ম হইত। এজন্য, সংস্কৃত না পড়িয়া, ইঙ্গরেজী পড়াই, তাঁহার পক্ষে, পরামর্শদিদ্ধ স্থির হইল। কিন্তু, দে সময়ে, ইঙ্গরেজী পড়া সহজ ব্যাপার ছিল না। তখন, এখনকার মত, প্রতি পল্লীতে ইঙ্গরেজী বিস্থালয় ছিল না। তাদৃশ বিদ্যালয় থাকিলেও, তাঁহার ফায় নিরুপায় দীন বালকের তথায় অধ্যয়নের স্থবিধা ঘটিত না। সায়ালগ্ধার মহাশয়ের পরিচিত এক ব্যক্তি কার্য্যোপযোগী ইঙ্গরেজী জানিতেন। তাঁহার অন্ত্র-(तार्य, े वाकि ठाकूत्रमामरक रेक्स्त्रकी श्रेष्ट्राहरू সন্মত হইলেন। তিনি িষয়কর্ম করিতেন; সুতরাং, দিবাভাগে, ভাঁহার পড়াইবার জীবকাশ ছিল না।

এজন্ম, তিনি ঠাকুরদাসকে, সন্ধ্যার সময়, তাঁছার নিকটে যাইতে বলিয়া দিলেন। তদলুসারে, ঠাকুর-দাস, প্রত্যন্থ সন্ধ্যার পর, তাঁছার নিকটে গিয়া, ইঙ্গরেজী পড়িতে আরম্ভ করিলেন।

স্থায়ালক্ষার মহাশয়ের বাটীতে. সন্ধ্যার পরেই. উপরিলোকের আহারের কাণ্ড শেষ হইয়া যাইত। ঠাকুরদান, ইঙ্গরেজী পড়ার অন্তরোধে, দে নময়ে উপস্থিত থাকিতে পারিতেন না; যখন আদিতেন, তখন আর আহার পাইবার সন্তাবনা থাকিত না; সুতরাং, তাঁহাকে রাত্রিতে অনাহারে থাকিতে হইত। এইরূপে নক্তন্তন আহারে বঞ্চিত হইয়া, তিনি, দিন **मिन, नीर्थ प्रस्तन इहेट** नांशितन। এक मिन, তাঁহার শিক্ষক জিজ্ঞাদা করিলেন, তুমি এমন শীর্ণ ও ব্রুবল হইতেছ, কেন। তিনি, কি কারণে তাঁহার দেরপ অবস্থা ঘটিতেছে, অঞাপুর্ণ নয়নে তাছার পরিচয় দিলেন। ঐ দময়ে, দেই স্থানে, শিক্ষকের আত্মীয় শূদ্ৰজাতীয় এক দয়ালু ব্যক্তি উপস্থিত ছিলেন। সবিশেষ সমস্ত অবগত হইয়া, তিনি **अजिभाग प्रश्थिज इहेरलन, धानः श्रीकृतनामरक**

বলিলেন, যেরপ শুনিলাম, তাহাতে আর তোমার ওরপ স্থানে থাকা কোনও মতে চলিতেছে না। যদি তুমি রাঁধিয়া খাইতে পার, তাহা হইলে, আমি তোমায় আমার বাসায় রাখিতে পারি। এই সদয় প্রস্তাব শুনিয়া, ঠাকুরদাস, যার পর নাই, আহলাদিত হইলেন, এবং, পর দিন অবধি, তাঁহার বাসায় গিয়া অবস্থিতি করিতে লাগিলেন।

এই সদাশয় দয়াশু মহাশয়ের দয়া ও সৌজয়া
যেরপ ছিল, আয় সেরপ ছিল না। তিনি, দালালি
করিয়া, সামায়্ররপ উপার্জন করিতেন। যাহা হউক,
এই ব্যক্তির আশ্রয়ে আসিয়া, ঠাকুরদাসের, নির্বিদ্ধে,
ছই বেলা আহার ও ইলরেজি পড়া চলিতে লাগিল।
কিছু দিন পরে, ঠাকুরদাসের ছর্ভাগ্যক্রমে, তদীয়
আশ্রয়দাতার আয় বিলক্ষণ থর্ম হইয়া গেল;
স্তরাং, তাঁহার নিজের ও তাঁহার আশ্রিভ ঠাকুরদাসের, অতিশয় কয় উপস্থিত হইল। তিনি,
প্রতি দিন, প্রাতঃকালে, বহির্গত হইতেন, এবং কিছু
হস্তগত হইলে, কোনও দিন দেড়প্রহরের, কোনও
দিন ছই প্রহরের, কোনও দিন আড়াই প্রহরের সময়,

বাসায় আসিতেন; যাহা আনিতেন, তাহা দারা, কোনও দিন বা কফে, কোনও দিন বা সক্ষদে, নিজের ও ঠাকুরদাসের আহার সম্পন্ন হইত। কোনও কোনও দিন, তিনি দিবাভাগে বাসায় আসিতেন না। সেই সেই দিন, ঠাকুরদাসকে, সমস্ত দিন, উপবাসী থাকিতে হইত।

ঠাকুরদাদের সামান্যরূপ এক থানি পিতলের থালা ও একটি ছোট ঘটা ছিল। থালাখানিতে ভাত ও घं गिरिक कल था रेटन। जिनि वित्वहना कतिर्तनन. এক পরসার সালপাত কিনিয়া রাখিলে, ১০। ১২ দিন ভাত খাওয়া চলিবেক: সুতরাং থালা না থাকিলে, কাজ আট্কাইবেক না; অতএব, থালাখানি বেচিয়া ফেলি; বেচিয়া যাহা পাইব, তাহা আপনার হাতে রাখিব। যে দিন, দিনের বেলায় আহারের যোগাড় না হইবেক, এক পয়দার কিছু কিনিয়া খাইব। এই স্থির করিয়া, তিনি সেই থালাখানি, সুতন বাজারে, কাঁদারিদের দোকানে বেচিতে গেলেন। কাঁসারিরা বলিল, আমরা অজানিত লোকের নিকট ছইতে পুরাণ বাসন কিনিতে পারিব না। পুরাণ বাসন কিনিয়া, কখনও কখনও, বড় ফেসাতে পড়িতে হয়।
অতএব, আমরা তোমার থালা লইব না। এইরূপে
কোনও দোকানদারই সেই থালা কিনিতে সন্মত হইল
না। ঠাকুরদাস, বড় আশা করিয়া, থালা বেচিতে
গিয়াছিলেন; এক্ষণে, সে আশায় বিদর্জন দিয়া,
বিষয় মনে বাসায় ফিরিস্বা আসিলেন।

এক দিন, মধ্যাত্ন কময়ে, ক্ষুধায় অন্থির হইয়া, ঠাকুরদাস বাসা হইত্তে বহির্গত হইলেন, এবং অন্তমনক হইয়া, কুধার যাতনা ভুলিবার অভি-প্রায়ে, পথে পথে ভ্রমণ করিতে লাগিলেন। কিয়ৎ ক্ষণ ভ্রমণ করিয়া, তিনি অভিপ্রায়ের সম্পূর্ণ বিপরীত ফল পাইলেন। ক্ষুধার যাতনা ভুলিয়া যাওয়া দূরে থাকুক, বড়বাজার হইতে ঠনঠনিয়া পর্য্যন্ত গিয়া, এত ক্লাস্ত ও কুধায় ও তৃষ্ণায় এত অভিভূত হইলেন, যে স্পার তাঁছার চলিবার ক্ষমতা রছিল না। কিঞ্চিৎ পরেই, তিনি এক দোকানের সম্মুখে উপস্থিত ও मधायमान इरेलन; (मिथलन, এक मधावयका विधवा নারী ঐ দোকানে বদিয়া মুড়ি মুড়কি বেচিতেছেন। তাঁছাকে দাঁড়াইয়া থাকিতে দেখিয়া, ঐ স্ত্রীলোক

জিজ্ঞাসা করিলেন, বাপাচাকুর, দাঁড়াইয়া আ*ছ কেন*। ঠাকুরদাস, ভৃষ্ণার উল্লেখ করিয়া, পানার্বে জলপ্রার্থনা করিলেন। তিনি, সাদর ও সম্বেছবাক্যে, ঠাকুর-मांगरक विगरं विलालन, धावः खाद्मर्गत (ছालरक ্রুধু জল দেওয়া অবিধেয়, এই বিবেচনা করিয়া, কিছু মুড়কি ও জল দিলেন। ঠাকুরদাস, যেরূপ ব্যগ্র হইয়া, মুড়কিগুলি খাইলেন, তাহা এক দৃষ্টিতে नित्रीकर्ण कतिया, े जीत्नांक कि ज्ञांना कतित्नन, বাপাঠাকুর, আজ বুঝি তোমার খাওয়া হয় নাই। তিনি বলিলেন, না, মা আজ আমি, এখন পর্য্যন্ত, किছूই थारे नारे। उथन, त्मरे खीटनांक ठीकूत्रनामत्क বলিলেন, বাপাঠাকুর জল খাইওনা, একটু অপেকা কর। এই বলিয়া, নিকটবর্তী গোয়ালার দোকান इरेट, मजुर, मरे किनिय़ा जानित्मन, এवर जार्ड মুড়কি দিয়া, ঠাকুরদাসকে পেট ভরিয়া ফলার कताहरलन; शदत, जाहात मूत्य मविरमंग ममस् অবগত হইয়া, জিন করিয়া বলিয়া দিলেন, যে দিন তোমার এরূপ ঘটিবেক, এখানে আসিয়া ফলার कतिशा याहेरव।

পিতৃদেবের মুখে এই হৃদয়বিদারণ উপাধ্যান শুনিয়া, আমার অন্তঃকরণে যেমন হৃঃসহ হৃঃখানল প্রাক্তানিত হইয়াছিল, স্ত্রীক্ষাতির উপর তেমনই প্রগাঢ় ভক্তি জিমিয়াছিল। এই দোকানের মালিক, পুরুষ হইলে, ঠাকুরদাসের উপর কখনই, এরপ দয়াপ্রকাশ ও বাৎসল্যপ্রদর্শন করিতেন না। যাহা হউক, যে যে দিন, দিবাভাগে আহারের যোগাড় না হইত, ঠাকুরদাস, সেই সেই দিন, ঐ দয়াময়ীর আশ্বাসবাক্য অনুসারে, তাঁহার দোকানে গিয়া, পেট ভরিয়া, ফলার করিয়া আসিতেন।

ঠাকুরদাস, মধে মধ্যে, আশ্রয়দাতাকে বলিতেন, যাহাতে আমি, কোনও স্থানে নিযুক্ত হইয়া, মাসিক কিছু কিছু পাইতে পারি, আপনি, দয়া করিয়া, তাহার কোনও উপায় করিয়া দেন। আমি ধর্মপ্রমাণ বলিতেছি, যাঁহার নিকট নিযুক্ত হইব, প্রাণপণে পরিশ্রম করিয়া তাঁহাকে সন্তুষ্ট করিব, এবং প্রাণান্তও অধর্মাচরণ করিব না। আমার উপকার করিয়া, আপনাকে কদাচ লজ্জিত হইতে, বা কখনও কোনও কথা শুনিতে হইবেক না। জননী ও ভাই ভগিনী

শুলির কথা যখন মনে হয়, তখন আর ক্ষণকালের জন্মেও, বাঁচিয়া থাকিতে ইচ্ছা করে না। এই বলিতে বলিতে, চক্ষের জলে তাঁহার বক্ষঃস্থল ভাসিয়া যাইত।

কিছু দিন পরে, ঠাকুরদাস, আশ্রয়দাতার সহায়তার, মাসিক হই টাকা বেতনে, কোনও স্থানে নিযুক্ত
হইলেন। এই কর্ম পাইয়া, তাঁহার আর আন্ধলাদের
সীমা রহিল না। পূর্ববং আশ্রয়দাতার আশ্রয়ে
থাকিয়া, আহারের ক্লেশ সন্থ করিয়াও, বেতনের
হইটি টাকা, যথা নিয়মে, জননীর নিকট পাঠাইতে
লাগিলেন। তিনি বিলক্ষণ বৃদ্ধিমান ও যার পর
নাই পরিশ্রমী ছিলেন, এবং কখনও কোনও ওজর
না করিয়া, সকল কর্মই সুম্মররূপে সম্পর করিতেন; এজন্য, ঠাকুরদাস যখন যাঁহার নিকট কর্ম
করিতেন, তাঁহারা সকলেই তাঁহার উপর সাতিশয়
সম্লুফ হইতেন।

ছই তিন বৎসরের পরেই, ঠাকুরদাস মাসিক পাঁচ টাকা বেতন পাইতে লাগিলেন। তখন তাঁহার জননীর ও ভাই ভগিনীগুলির, অপেকাক

जः (म, कक्ट मृत इहेन। धारे मगराय, शिकामहरम्ब দেশে প্রত্যাগমন করিলেন। তিনি প্রথমতঃ বনমালি-পুরে গিয়াছিলেন; তথায় জ্রী, পুত্র, কন্তা দেখিতে না পাইয়া, বীরসিংহে আসিয়া, পরিবারবর্গের সহিত মিলিত হইলেন। দাত আট বৎদরের পর, তাঁহার मयागयनार्ड, मकरनरे चास्नाममागरत यश रहेरनन। শশুরালয়ে, বা শশুরালয়ের সন্নিকটে, বাস করা তিনি অবমাননা জ্ঞান করিতেন, এজন্য, কিছু দিন পরেই, পরিবার লইয়া, বনমালিপুরে যাইতে উম্ভত ছইয়াছিলেন। কিন্তু, হুর্গাদেবীর মুখে ভাতাদের আচরণের পরিচয় পাইয়া, সে উগ্রম হইতে বিরত रहेलन, धवर निजास अनिष्ठा शृद्धक, वीद्रमिरह অবস্থিতি বিষয়ে সম্মতিপ্রদান করিলেন। এইরূপে, বীরসিংহগ্রামে আমাদের বাস হইয়াছিল।

বীরসিংহে কতিপয় দিবস অতিবাহিত করিয়া, তর্কভূষণ মহাশয়, জ্যেষ্ঠ পুত্র ঠাকুরদাসকে দেখিবার জন্ম, কলিকাতা প্রস্থান করিলেন। ঠাকুরদাসের আশ্রয়দাতার মুখে, তদীয় কন্টসহিষ্ণুতা প্রভৃতির শবিচয় পাইয়া, তিনি যথেষ্ট আশীর্মাদ ও

সবিশেষ সন্তোষ প্রকাশ করিলেন। বড়বাজারের দয়েইটায়, উত্তররাঢ়ীয় কায়য় ভাগবতচরণ সিংছ নামে এক সঙ্গতিপর ব্যক্তি ছিলেন। এই ব্যক্তির সহিত তর্কভূষণ মহাশরের বিলক্ষণ পরিচয় ছিল। সিংহ মহাশয় অতিশয় দয়াশীল ও সদাশয় ময়য়য় ছিলেন, তর্কভূষণ মহাশয়ের মুখে তদীয় দেশত্যাগ অযধি যাবতীয় রতান্ত অবগত হইয়া, প্রস্তাব করিলেন, আপনি অতঃপর ঠাকুরদাসকে আমায় বাটীতে রাখুন, আমি তাহায় আহায় প্রভৃতির ভার লইতেছি; সে যখন য়য়ং পাক ক্রিয়া ধাইতে পারে, তখন আর তাহায়, কোনও অংশে, অম্বিধা ঘটিবেক না।

এই প্রস্তাব শুনিরা, তর্কভূষণ মহাশয়, সাতিশয় আহলাদিত হইলেন; এবং ঠাকুরদাসকে সিংহ মহাশয়ের আশ্রমে রাখিয়া, বীরসিংছে প্রতিগমন করিলেন। এই অবধি, ঠাকুরদাসের আহারক্রেশের অবসান হইল। যথা সময়ে আবশ্যকমত, হুই বেলা আহার পাইয়া, তিনি পুনর্জন্ম জ্ঞান করিলেন। এই শুভঘটনা ঘারা, তাঁহার যে কেবল আহারের ক্লেশ

দ্র হইল, এরপ নছে; সিংহ মহাশয়ের সহায়তায়, মাসিক আট টাকা বেতনে এক স্থানে নিযুক্ত হইলেন। ঠাকুরদাসের আট টাকা মাহিয়ানা হইয়াছে, এই সংবাদ শুনিয়া, তদীয় জননী হুর্গাদেবীর আহ্লাদের সীমা রহিল না।

এই সময়ে, ঠাকুরদালের বয়ঃক্রম তেইশ চিকাশ বৎসর হইয়াছিল। অতঃপর তাঁহার বিবাহ দেওয়া আবশ্যক বিবেচনা করিয়া, তর্কভূষণ মহাশয় গোঘাটনিবাসী রামকান্ত তর্কবাগীশের দ্বিতীয়া কয়্যা ভগবতী দেবীর সহিত, তাঁহার বিবাহ দিলেন। এই ভগবতীদেবীর গর্ভে আমি জয়এহণ করিয়াছি। ভগবতীদেবী, শৈশবকালে, মাতুলালয়ে প্রতিপালিত হইয়াছিলেন। তিনি পিতৃহীনা ছিলেন না; তথাপি, কি কারণে, তাঁহাকে মাতুলালয়ে প্রতিপালিত হইতে হইয়াছিল, তাহা প্রদর্শিত, ও তৎসমভিব্যাহারে তদীয় মাতুলকুলের সংক্রিপ্ত পরিচয় প্রদন্ত, হইতেছে।

পাতৃলনিবাদী মুখটা পঞ্চানন বিভাবাণীশের চারি পুত্র ও ছই কন্যা। জ্যেষ্ঠ রাধামোহন বিভাতুষণ, মধ্যম রামধন স্থায়রত্ব, তৃতীয় গুরুপ্রদাদ মুখোপাধ্যায়, চতুর্থ বিশ্বেশ্বর মুখোপাধ্যায়; জ্যেষ্ঠা গঙ্গা,
কনিষ্ঠা তারা। বিস্থাবাগীশ মহাশয়ের নিজ বাটীতেই
চতুষ্পাঠী ছিল। এই চতুষ্পাঠীতে, তিনি স্মৃতিশাস্ত্রের
অধ্যাপনা করিতেন। তিনি, স্বগ্রামে ও চতুঃপার্শ্বর্ত্তী
গ্রামসমূহে, সবিশেষ আদরণীয় ও সাতিশয় মাননীয়
ছিলেন।

জ্যেষ্ঠা কন্যা গঙ্গা বিবাহযোগ্যা হইলে, বিজ্ঞাবাগীশ মহাশয়, গোঘাটে একটি স্থপাত্র আছে, এই

সংবাদ পাইয়া, ঐ গ্রামে উপস্থিত হইলেন।
পাত্রের নাম রামকান্ত চট্টোপাধ্যায়। ইনি সাতিশয়
বুদ্ধিমান ও নিরতিশয় পরিশ্রমী ছিলেন; অবাধে
অধ্যয়ন করিয়া, একুশ, বাইশ বৎসরে, ব্যাকরণে
ও স্মৃতিশান্ত্রে বিলক্ষণ বুংৎপয়, এবং তর্কবাগীশ
এই উপাধি প্রাপ্ত হইয়াছিলেন। তিনি অনেকগুলি
ছাজ্রকে অয়দান এবং ব্যাকরণে ও স্মৃতিশান্ত্রে
শিক্ষাদান করিতেন। বিজ্ঞাবা গীশ মহাশয়, এই
পাত্রের বুদ্ধি, বিজ্ঞা ও ব্যবসায়ের পরিচয় পাইয়া,
আহ্লাদিত্তিতে, কয়াদানে সম্মৃত হইলেন, এবং

বাটীতে প্রত্যাগমনপূর্বাক, পুজ্রদের সহিত পরামর্শ করিয়া, রামকান্ত তর্কবাগীশের সহিত, জ্যেষ্ঠা কন্যা গঙ্গার বিবাহ দিলেন।

কালক্রমে, গঙ্গাদেবীর গর্ভে, তর্কবাগীশ মহাশয়ের হই কন্তা জন্মিল; জ্যেষ্ঠা লক্ষ্মী, কনিষ্ঠা
ভগবতী। কিছু দিন পারে, তর্কবাগীশ মহাশয়,
সবিশেষ যত্ন ও আগ্রহ সহকারে, তন্ত্রশাস্ত্রের অন্থশীলনে সবিশেষ মনোনিবেশ করিলেন। অতঃপর,
অধ্যাপনাকার্য্যে ভাঁহার ভাদৃশ যত্ন রহিল না।
ভাঁহার অযত্ন দেখিয়া, ছাজেরা, ক্রমে ক্রমে, তদীয়
চতুম্পাঠী হইতে চলিয়া যাইতে লাগিলেন। তিনি,
তাহাতে ক্ষুদ্ধ বা হঃখিত না হইয়া, অব্যাঘাতে
তন্ত্রশাস্ত্রের অন্থলীলন করিতে পারিব, এই ভাবিয়া,
যার পর নাই আছ্লাদিত হইলেন।

তর্কবাগীশ মহাশয়, অবশেষে, শবসাধনে প্রব্রম্ভ হইলেন, এবং, অলপ দিনের মধ্যেই, শবসাধনের সমুচিত ফললাভ করিলেন। শবের উপর উপবিষ্ট হইয়া, জপ করিতে করিতে, তিনি, তুড়ি দিয়া, "মঞ্জুর" বলিয়া, গাজোঞ্বান করিলেন। ফলকথা এই, সেই অবধি, তিনি প্রকৃত প্রস্তাবে, উন্মাদগ্রস্ত হইলেন ৷ অতঃপর, কেহ কোনও কথা জিজাসিলে, তিনি, তুড়ি দিয়া ও মঞ্জুর বলিয়া, মৌনাবলম্বন করিয়া থাকিতেন। সময়ে সময়ে, ইহাও অবলোকিত হইত, যখন তিনি একাকী উপবিষ্ট আছেন, কেবল তুড়ি দিতেছেন, ও মঞ্জুর মঞ্জুর বলিতেছেন। তর্ক-বাগীশ মহাশয়ের সহোদর বা অন্য কোনও অভি-ভাবক ছিলেন না। গঙ্গাদেবী, হুই শিশু কত্যা ও উন্মাদ্রাপ্ত স্বামী লইয়া, বড় বিপদ্রাপ্ত হইয়া পড়ি-লেন, এবং নিরুপায় ভাবিয়া, স্বীয় পিতা পঞ্চানন विकावागीत्मत निकछ, अहे विशासत मःवान शार्घाह-লেন। বিজ্ঞাবাণীশ মহাশয়, কন্সা, জামাতা ও হুই দৌহিত্রীকে আপন বাটীতে আনিলেন। এক স্বতন্ত্র চণ্ডীমণ্ডপ উন্মাদগ্রস্ত জামাতার বাসার্থে নিযোজিত হইল; তিনি তথায় অবস্থিতি করিলেন; কন্সা ও इरे मोरिजी পরিবারের মধ্যে বাদ করিতে লাগিলেন।

বিভাবাণীশ মহাশয় জামাতার বিশিক্টরূপ চিকিৎসা করাইলেন; কিছুতেই কোনও উপকার দর্শিল না। অম্প দিনের মধ্যেই অবধারিত হইল, জামাতা, এজন্মে আর প্রকৃতিস্থ হইতে পারিবেন না। অতঃপর, কন্যা, জামাতা, ও হুই দৌহিত্রীর ভরণপোষণ প্রভৃতি সমস্ত বিষয়ের ভার বিষ্ণাবাণীশ মহাশয়ের উপরেই বর্ত্তিল। তিনিও যথোচিত যত্ন ও স্নেহ সহকারে, তাঁহাদের ভরণপোষণ করিতে লাগিলেন।

বিভাবাগীশ মহাশয় অবিভ্যমান হইলে, তাঁহার জ্যেষ্ঠ পুত্র রাধামোহন বিভাজুবণ সংসারের কর্তৃত্ব-পদে প্রতিষ্ঠিত হইলেন, মধ্যম রামধন স্থায়রত্ন পিতার চতুপাঠীতে অধ্যাপনা করিতে আরম্ভ করিলন, তৃতীয় গুরুপ্রসাদ ও চতুর্ধ বিশ্বেশ্বর মুখো-পাধ্যায় কলিকাতায় বিষয়কর্ম করিতে লাগিলেন। চারি সহোদরে, যাবজ্জীবন, একায়বর্তী ছিলেন; যিনি যে উপার্জন করিতেন, জ্যেষ্ঠের হস্তে দিতেন। জ্যেষ্ঠ, যার পর নাই, সমদর্শী ও স্থায়পরায়ণ ছিলেন। স্বীয় পরিবারের উপর, তাঁহার যেরপ ক্ষেহ ও যেরপ যত্ন ছিল, ভ্রাতাদের পরিবারের

অধিক যত্ন করিতেন। ফলকথা এই, তাঁছার কর্তৃত্ব কালে, কেছ কখনও রুষ্ট বা অসম্ভুষ্ট ছইবার কোনও কারণ দেখিতে পান নাই।

সচরাচর দেখিতে পাওয়া যায়, একারবর্তী জাতাদের, অধিক দিন, পরস্পর সন্তাব থাকে ন।; যিনি সংসারে কর্ত্তর করেন, তাঁহার পরিবার যেরূপ সুখে ও সচ্ছদ্দে থাকেন, অন্য অন্য ভাতাদের পরি-বারের পক্ষে, সেরপ স্থাপ ও সচ্ছদেদ থাকা, কোনও মতে, षर्षिया উঠে ना। এकन्य, अल्ले मित्नरे, ভাতাদের পরস্পর মনান্তর ঘটে; অবশেবে, মুখ-দেখাদেখি বন্ধ হইয়া, পৃথক হইতে হয়। কিন্তু, मोजञ्ज ७ मनूषाय विषया गति जत्रे ममान ছিলেন; এজন্য, কেহ, কখনও, ইঁহাদের চারি সহোদরের মধ্যে, মনান্তর বা কথান্তর দেখিতে পান নাই। স্বীয় পরিবারের কথা দূরে থাকুক, ভগিনী, ভাগিনেয়ী, ভাগিনেয়ীদের পুদ্রকন্তাদের উপরেও, তাঁহাদের অণুমাত্র বিভিন্ন ভাব ছিল না। ভাগি-নেরীরা, পুত্রকন্যা লইয়া, মাতুলালয়ে গিয়া, যেরূপ সুখে সমাদরে, কালযাপন করিতেন, কন্সারা, পুত্র

কন্মা লইয়া, পিত্রালয়ে গিয়া, সচরাচর সেরপ সুখ ও সমাদর প্রাপ্ত হইতে পারেন না।

অতিথির দেবা ও অভ্যাগতের পরিচর্য্যা, এই পরিবারে, যেরপ যত্ন ও আদ্ধা সহকারে, সম্পাদিত হইত, অন্যত্র প্রায় দেরপ দেখিতে পাওয়া যায় না। বস্তুতঃ, ঐ অঞ্চলের কোনও পরিবার এবিষয়ে এই পরিবারের স্থায়, প্রাক্তিপত্তিলাভ করিতে পারেন নাই। ফলকথা এই, অরপ্রার্থনায়, রাধামোহন বিজ্ঞা-ভূষণের দ্বারস্থ হইয়া, কেহ কখনও প্রত্যাখ্যাত হইয়াছেন, ইহা কাহারও নেত্রগোচর বা কর্ণগোচর হয় নাই। আমি স্বচকে প্রত্যক্ষ করিয়াছি, যে অবস্থার লোক হউক, লোকের সংখ্যা যত হউক, বিদ্যাভূষণ মহাশয়ের আবাদে আদিয়া, দকলেই, পরম সমাদরে, অতিথিসেবা ও অভ্যাগতপরিচর্য্যা প্রাপ্ত হইয়াছেন।

বিজ্ঞাভূষণ মহাশয়ের জীবদ্দশায়, এই মুখো-পাধ্যায় পরিবারের, স্বগ্রামে ও পার্শ্ববর্তী বহুতর গ্রামে, আধিপত্যের দীমা ছিল না। এই দমস্ত গ্রামের লোক বিজ্ঞাভূষণ মহাশয়ের আজানুবর্তী ছিলেন। অনুগত প্রামরন্দের লোকদের বিবাদভঞ্জন, বিপদ্মোচন, অসময়ে সাহায্যদান প্রভৃতি কার্য্যই বিজ্ঞাভূষণ মহাশয়ের জীবনযাত্রার সর্বপ্রধান উদ্দেশ্য ছিল। অনেক অর্থ তাঁহার হস্তগত হইয়াছিল; কিন্তু, সেই অর্থের সঞ্চয়, অথবা স্বীয় পরিবারের স্থুসাধনে প্রয়োগ, এক দিন একক্ষণের জন্মেও, তাঁহার অভিপ্রেত ছিল না। কেবল অন্ধদান ও সাহায্যদানেই সমস্ত বিনিযোজিত ও পর্য্যবিদিত হইয়াছিল। বস্তুতঃ, প্রাতঃস্মরণীয় রাধামোহন বিজ্ঞাভূষণ মহাশয়ের মত, অমায়িক, পরোপ কারী, ও ক্ষমতাপন্ন পুরুষ সর্বদা দেখিতে পাওয়া যায় না।

রাধামোহন বিষ্ঠাভূষণ ও তদীয় পরিবারবর্ণের নিকট, আমরা, অশেষ প্রকারে, যে প্রকার উপকার প্রাপ্ত হইয়াছি, তাহার পরিশোধ হইতে পারে না। আমার যখন জ্ঞানোদয় হইয়াছে, মাতৃদেবী, পুত্র কল্যা লইয়া, মাতুলালয়ে যাইতেন, এবং এক যাত্রায়, ক্রমান্বয়ে, পাঁচ ছয় মাস বাস করিতেন; কিয় এক দিনের জন্তেও, স্নেহ, যতু, ও স্মাদরের ক্রটি হইত না। বস্তুতঃ, ভাগিনেয়ী ও ভাগিনেয়ীর পুল্রকন্তাদের উপর এরপ স্নেহপ্রদর্শন অদৃষ্টচর ও অঞ্চতপূর্ব্ব ব্যাপার। জ্যেষ্ঠা ভাগিনেয়ীর মৃত্যু হইলে, তদীয় একবর্ষীয় দিতীয় সন্তান, বিংশতি-বৎসর বয়স পর্য্যন্ত, আঞ্চন্ত অবিচলিতস্নেহে, প্রতি-পালিত হইয়াছিলেন।

দ্বিতীয় পরিচ্ছেদ

আমি পঞ্মবর্ষীয় হইলাম। বীরসিংহে কালীকান্ত চট্টোপাধ্যায়ের পাঠশালা ছিল। গ্রামন্থ বালকগণ ঐ পাঠশালায় বিজ্ঞান্ত্যান করিত। আমি ভাঁহার পাঠশালায় প্রেরিত হইলাম। চট্টোপাধ্যায় মহাশয় সাতিশয় পরিশ্রমী এবং শিক্ষাদান বিষয়ে বিলক্ষণ নিপুণ ও সবিশেষ যত্নবান ছিলেন। ইহাঁর পাঠ-শালার ছান্তেরা, অম্প সময়ে, উত্তমরূপ শিকা করিতে পারিত; এজন্ম, ইনি উপযুক্ত শিকক বলিয়া, বিলক্ষণ প্রতিপত্তিলাভ করিয়াছিলেন। **रखडः, পृ**জ্যপাদ কালীকান্ত চট্টোপাধ্যায় মহাশয় গুরুমহাশয় দলের আদর্শস্বরূপ ছিলেন।

পাঠশালায় এক বংসর শিক্ষার পর, আমি ভয়ঙ্কর অররোগে আক্রান্ত হইয়াছিলাম। আমি এ যাত্রা রক্ষা পাইব, প্রথমতঃ এরপ আশা ছিল না। কিছু দিনের পর, প্রাণনাশের আশঙ্কা নিরাক্কত হইল; কিন্তু, একবারে বিজ্ঞর হইলাম না। অধিক দিন জ্ঞরভোগ করিতে করিতে, প্লীহার সঞ্চার হইল। জ্ঞর ও প্লীহা উভয় সমবেত হওয়াতে, শীঘ্র আরোগ্য-লাভের সম্ভাবনা রহিল না। ছয় মাস অতীত হইয়া গেল; কিন্তু, রোগের নির্কৃত্তি না হইয়া, উত্তরোত্তর রৃদ্ধিই হইতে লাগিল।

জননীদেবীর জ্যেষ্ঠ মাতুল, রাধামোহন বিজ্ঞাভূষণ, আমার পীড়ার্দ্ধির সংবাদ পাইয়া, বীরসিংহে
উপস্থিত হইলেন, এবং দেখিয়া শুনিয়া, সাতিশয়
শক্ষিত হইয়া, আমাকে আপন আলয়ে লইয়া
গোলেন। পাতুলের সন্ধিকটে কোটরীনামে যে গ্রাম
আছে, তথায় বৈজ্ঞজাতীয় উত্তম উত্তম চিকিৎসক
ছিলেন; তাঁহাদের অস্তমের হস্তে আমার চিকিৎসার ভার অপিত হইল। তিন মাস চিকিৎসার পর,
সম্পূর্ণ আরোগ্যলাভ করিলাম। এই সময়ে, আমার
উপর, বিজ্ঞাভূষণ মহাশয়ের ও তদীয় পরিবারবর্গের
স্লেহ ও মত্ত্বের পরাকান্ধা প্রদর্শিত হইয়াছিল।

কিছু দিন পরে, বীরসিংহে প্রতিপ্রেরিত ছই-লাম। এবং পুনরায়, কালীকান্ত চট্টোপাধ্যায়ের পার্চশালায় প্রবিষ্ট হইয়া, আট বৎসর বয়স পর্যান্ত, তথায় শিক্ষা করিলাম। আমি গুরুমহাশয়ের প্রিয়-শিষ্য ছিলাম। আমার বিলক্ষণ সারণ হইতেছে, পার্চশালার সকল ছাত্র অপেক্ষা, আমার উপর তাঁহার অধিকতর স্নেহ ছিল। আমি তাঁহাকে অতিশয় ভক্তি ও শ্রদ্ধা করিতাম। তাঁহার দেহাত্যয়ের কিছুদিন পূর্বের, একবার মাত্র, তাঁহার উপর আমার ভক্তি বিচলিত হইয়াছিল।

—শাকে, ক কার্ত্তিক মাদে, পিতামহদেব, রামজয় তর্কভূষণ, অতিদার রোগে আক্রান্ত হইয়া, ছিয়াতর বৎদর বয়দে দেহত্যাগ করিলেন। তিনি নিরতিশয় তেজস্বী ছিলেন; কোনও অংশে, কাহারও নিকট অবনত হইয়া চলিতে, অথবা কোনও প্রাকারে, অনাদর বা অবমাননা দছ করিতে পারি-তেন না। তিনি, দকল স্থলে, দকল বিষয়ে, স্বীয়

পাণ্ড্রিপিতে শাকের উল্লেখ নাই; বোধ হয়, পরে, কাগল
পত্র দেখিয়া বদাইয়া দিবার অভিপ্রায় ছিল। আপাততঃ, দকল
কাগজ পত্র আনাদের দল্লিছিত নাই,—ভবিয়ৎ দংয়য়েল, দলিবিষ্ট
করা বাইবে।

অভিপ্রায়ের অমুবর্তী হইয়া চলিতেন, অক্যাদীয়
অভিপ্রায়ের অমুবর্ত্তন, তদীয় স্বভাব ও অভ্যাদের
সম্পূর্ণ বিপরীত ছিল। উপকার প্রত্যাশায়, অথবা
অক্য কোনও কারণে, তিনি কখনও পরের উপাসনা
বা আমুগত্য করিতে পারেন নাই। তাঁহার দ্বির
সিদ্ধান্ত ছিল, অক্যের উপাসনা বা আমুগত্য করা
অপেক্ষা প্রাণত্যাগ করা ভাল। তিনি নিতান্ত
নিম্পৃহ ছিলেন, এজন্য, অন্যের উপাসনা বা
আমুগত্য, তাঁহার পকে, কিম্মন্ কালেও, আবশ্যক
হয় নাই।

পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, তর্কভূষণ মহাশয়,
নিতান্ত অনিচ্ছাপূর্ব্বক, বীরসিংহবাসে সন্মত হইয়া
ছিলেন। তাঁহার শ্যালক, রামসুন্দর বিজ্ঞাভূষণ,
গ্রামের প্রধান বলিয়া পরিগণিত এবং সাতিশয়
গর্ব্বিত ও উদ্ধতস্থভাব ছিলেন। তিনি মনে করিয়াছিলেন, ভগিনীপতি রামজয় তাঁহার অন্ত্রগত হইয়া
থাকিবেন। কিন্তু, তাঁহার ভগিনীপতি কিরপ প্রকৃতির
লোক, তাহা বুবিতে পারিলে, তিনি সেরপ মনে
করিতে পারিতেন না। রামজয় রামসুন্দরের অন্ত্রগত

হইয়া না চলিলে, রামস্থন্দর নানাপ্রকারে ভাঁহাকে জব্দ করিবেন, অনেকে ভাঁহাকে এই ভয় দেখাইয়া ছিলেন। কিন্তু রামজয়, কোনও কারণে, ভয় পাইবার লোক ছিলেন না; তিনি স্পফীবাক্যে বলিতেন, বরং বাসত্যাগ করিব, তথাপি শালার অন্থগত হইয়া চলিতে পারিব না। শ্যালকের আকোশে, ভাঁহাকে, সময়ে সময়ে, প্রক্রতপ্রস্তাবে, একঘরিয়া হইয়া থাকিতে ও নানাপ্রকার অত্যাচার উপদ্রব সহ্থ করিতে হইত, তিনি ভাহাতে ক্ষুদ্ধ বা চলচিত্ত হইতেন না।

তাঁহার শ্যালক প্রভৃতি আমের প্রধানের।
নিরতিশয় স্বার্থপর ও পরঞ্জীকাতর ছিলেন; আপন
ইউদাধন বা অভিপ্রেত সম্পাদনের জন্ম, না করিতে
পারিতেন, এমন কর্ম্মই নাই। এতদ্ভিন্ন, সময়ে সময়ে
এমন নির্কোধের কার্য্য করিতেন, যে তাঁহাদের কিছুমাত্র বৃদ্ধি ও বিবেচনা আছে, এরপ বোধ হইত
না। এজন্ম, তর্কভূষণ মহাশয়, সর্বাদা, সর্বাদ সমক্ষে, মুক্তকণ্ঠে, বলিতেন, এ আমে একটাও মামুষ নাই, সকলই গয়। এক দিন, তিনি একস্থান দিয়া চলিয়া যাইতেছেন, ঐ স্থানে, লোকে মলভ্যাগ করিত। প্রধান কশ্পের এক ব্যক্তি বলিলেন, তর্ক-ভূগণ মহাশয় ওস্থানটা দিয়া যাইবেন না। তিনি বলিলেন, দোষ কি। সে ব্যক্তি বলিলেন, ঐ স্থানে বিষ্ঠা আছে। তিনি, কিয়ৎ ক্ষণ, স্থিরনয়নে নিরীক্ষণ করিয়া, বলিলেন, এখানে বিষ্ঠা কোথায়, আমি গোবর ছাড়া আর কিছু দেখিতে পাইতেছি না; যে প্রামে একটাও মান্ত্র্য নাই, দেখানে বিষ্ঠা কোথা হইতে আসিবেক।

তর্কভূষণ মহাশয় নিরতিশয় অমায়িক ও
নিরহকার ছিলেন; কি ছোট, কি বড়, সর্ববিধ
লোকের সহিত, সমভাবে সদয় ও সাদর ব্যবহার
করিতেন। তিনি ঘাঁহাদিগকে কপটবাচী মনে করিতেন, তাঁহাদের সহিত সাধ্যপক্ষে আলাপ করিতেন
না। তিনি স্পাইবাদী ছিলেন, কেহ রুই বা অসম্ভই
হইবেন, ইহা ভাবিয়া, স্পাই কথা বলিতে ভীত বা
সঙ্কুচিত হইতেন না। তিনি যেমন স্পাইবাদী, তেমনই
যথার্থবাদী ছিলেন। কাহারও ভয়ে, বা অমুরোধে,
অথবা অন্য কোনও কারণে, তিনি, কখনও কোনও

বিষয়ে অযথা নির্দেশ করেন নাই। তিনি ঘাঁছাদিগকে আচরণে ভদ্র দেখিতেন, তাঁছাদিগকেই ভদ্রলোক বলিয়া গণ্য করিতেন; আর ঘাঁছাদিগকে
আচরণে অভদ্র দেখিতেন, বিদ্বান্, ধনবান্, ও
ক্ষমতাপন্ন হইলেও, তাঁহাদিগকে ভদ্রলোক বলিয়া
জ্ঞান করিতেন না।

ক্রোধের কারণ উপস্থিত ছইলে, তিনি ক্রুদ্ধ হইতেন, বটে; কিন্তু, তদীয় আকারে, আলাপে, বা কার্য্যপরম্পরায়, ভাঁহার ক্রোধ জন্মিয়াছে বলিয়া, কেছ বোধ করিতে পারিতেন না। তিনি, ক্রোধের বশীভূত হইয়া, ক্রোধবিষয়ীভূত ব্যক্তির প্রতি কটুক্তি প্রয়োগে, অথবা তদীয় অনিষ্ট চিন্তনে কদাচ প্রব্রত হইতেন না। নিজে যে কর্ম সম্পন্ন করিতে পারা ষায়, তাহাতে তিনি অন্যদীয় সাহাষ্যের অপেকা করিতেন না; এবং কোনও বিষয়ে, সাধ্যপক্ষে পরাধীন বা পরপ্রত্যাশী হইতে চাহিতেন না। তিনি একাহারী, নিরামিষাশী, সদাচারপুত, ও নিত্য নৈমিত্তিক কর্ম্মে সবিশেষ অবহিত ছিলেন। এজন্ম. मकरलं े जांहारक, माक्तां अपि विनिद्रा, निर्द्धम

করিতেন। বনমালিপুর হইতে প্রস্থান করিয়া, যে আট বৎসর, অনুদেশপ্রায় হইয়াছিলেন; ঐ আট বৎসরকাল কেবল তীর্থপর্য্যটনে অতিবাহিত হইয়া-ছিল। তিনি দ্বারকা, জ্বালামুখী, বদরিকাশ্রম পর্য্যন্ত পর্য্যটন করিয়াছিলেন।

তর্কভূষণ মহাশয় অভিশয় বলবান, নিরতিশয় সাহসী, এবং সর্বতোভাবে অকুতোভয় পুরুষ ছিলেন। এক লৌহদও ভাঁহার চিরসহচর ছিল; উহা হস্তে না করিয়া, তিনি কখনও বাটীর বাহির হইতেন না। তৎকালে পথে অতিশয় দস্যুতয় ছিল। স্থানান্তরে याहरू हरेल, अिंग्य मावधान हरेरु हरेछ। जरनक ऋल, कि श्रेकुरिय, कि मधार्द्ध, कि मार्यास्त्र, অপ্সাংখ্যক লোকের প্রাণনাশ অবধারিত ছিল। धक्रमु, अत्नरक ममरविष्ठ ना इहेश्रा, के मकल স্থলদিয়া যাতায়াত করিতে পারিতেন না। কিন্তু তর্কভূষণ মহাশয়, অসাধারণ বল, সাহস, ও চির-সহচর লৌহদণ্ডের সহায়তায়, সকল সময়ে, ঐ সকল স্থলদিয়া, একাকী নির্ভয়ে যাতায়াত করিতেন। দস্যুরা হুই চারি বার আক্রমণ করিয়াছিল। কিন্তু

উপযুক্তরূপ আব্ধেলদেলামি পাইরা, আর তাহাদের তাঁহাকে আক্রমণ করিতে সাহস হইত না। মন্থ্যের কথা দূরে থাকুক, বন্য হিংত্র জন্তুকেও তিনি ভয়ানক জ্ঞান করিতেন না।

একুশ বৎসর বয়সে, তিনি একাকী মেদিনীপুর যাইতেছিলেন। তৎকালে ঐ অঞ্লে অতিশয় জন্ধল ও বাঘ ভালুক প্রভৃতি হিংস্র জন্তুর ভয়ানক উপদ্রব ছিল। একস্থলে খাল পার হইয়া, তীরে উত্তীর্ণ হইবামাত্র, ভালুকে আক্রমণ করিল। ভালুক নখর-প্রহারে তাঁহার সর্বশরীর ক্ষতবিক্ষত করিতে লাগিল, তিনিও অবিশ্রান্ত লৌহযটি প্রহার করিতে লাগি-লেন। ভালুক ক্রমে নিস্তেজ হইয়া পড়িলে, তিনি, তদীয় উদরে উপয়াগেরি পদাঘাত করিয়া, তাহার প্রাণদংহার করিলেন। এইরূপে, এই ভয়ক্কর শক্তর इस इरेट निस्तात **शारेतन**, वर्षे: किस उ९क्र ক্ষত দারা তাঁহার শরীরের শোণিত অনবরত বিনির্গত হওয়াতে, তিনি নিতান্ত অবদন্ধ হইয়া পড়িয়াছিলেন। এই স্থান হইতে মেদিনীপুর প্রায় চারি ক্রোশ অন্তরে অবস্থিত। ঐ অবস্থাতে তিনি জনায়াদে পদত্রজে,

মেদিনীপুরে পঁহুছিলেন, এক আত্মীয়ের বাসায়, ছই মাস কাল, শয্যাগত থাকিলেন, এবং ক্ষত সকল সম্পূর্ণ শুক্ষ হইলে, বাটা প্রত্যাগমন করিলেন। ঐ সকল ক্ষতের চিত্ন মৃত্যুকাল পর্যান্ত তাঁহার শরীরে স্পান্ট প্রতীয়মান হইত।

পিতৃদেবের ও পিতামহীদেবীর মুখে, সময়ে সময়ে পিতামহদেবসংক্রান্ত যে সকল গণ্প শুনিয়াছিলাম, তাহারই স্থুলর্ত্তান্ত উপরিভাগে লিপিবদ্ধ হইল।

পিতামহদেবের দেহাত্যয়ের পর, পিতৃদেব আমায়
কলিকাতায় আনা স্থির করিলেন। তদমুসারে, ১২৩৫
সালের কার্ত্তিক মাসের শেষভাগে, আমি কলিকাতায়
আনীত হইলাম। পূর্ব্বে উল্লিখিত হইয়াছে, বড়বান্ধার নিবাসী ভাগবতচরণ সিংহ পিতৃদেবকে
আশ্রয় দিয়াছিলেন। তদবিধ তিনি তদীয় আবাসেই
অবস্থিতি করিতেছিলেন। যে সময়ে আমি কলিকাতায় আনীত হইলাম, তাহার অনেক পূর্ব্বে সিংহ
মহাশয়ের দেহাত্যয় ঘটয়াছিল। এক্ষণে তদীয়
একমাত্র পুল্ল জগদ্দলভ সিংহ সংসারের কর্তা।
এই সময়ে, জগদ্দলভবারুর বয়ঃক্রম পঁটিশ বৎসর।

গৃহিণী, জ্যেষ্ঠা ভণিনী, ভাঁহার স্বামী ও হুই পুজ, এক বিধবা কনিষ্ঠা ভণিনী ও ভাঁহার এক পুজ, এইমাত্র ভাঁহার পরিবার। জগদুর্লভবারু পিতৃ-দেবকে পিতৃব্যশদে সম্ভাষণ করিতেন; স্থতরাং আমি ভাঁহার ও ভাঁহার ভণিনীদিগের আতৃস্থানীয় হইলাম। ভাঁহাকে দাদা মহাশয়, ভাঁহার ভণিনীদিগকে, বড় দিদি ও ছোট দিদি বলিয়া সম্ভাষণ করিতাম।

এই পরিবারের মধ্যে অবস্থিত হইয়া, পরের বাটাতে আছি বলিয়া, এক দিনের জন্মেও আমার মনে হইত না। সকলেই যথেষ্ট স্নেছ করিতেন। কিন্তু, কনিষ্ঠা ভাগিনী রাইমণির অন্তুত স্নেছ ও যতু, আমি, কিমান্ কালেও, বিমাৃত হইতে পারিব না। তাঁহার একমাত্র পুত্র গোপালচন্দ্র ঘোষ আমার প্রোয় সমবয়ক্ষ ছিলেন। পুত্রের উপর জননীকী যেরপ স্নেছ ও যতু থাকা উচিত ও আবশ্যক, গোপাল-চন্দ্রের উপর রাইমণির স্নেছ ও যতু তদপেকা অধিকতর ছিল, তাহার সংশয় নাই। কিন্তু আমার আন্তরিক দৃঢ় বিশ্বাদ এই, স্নেছ ও যতু বিষয়ে,

আমায় ও গোপালে রাইমণির অণুমাত্র বিভিন্ন-ভাব ছিল না। ফলকথা এই, স্নেছ, দয়া, সৌজন্ম, অমায়িকতা, সদ্বিবেচনা প্রভৃতি সদ্গুণ বিষয়ে, রাইমণির সমকক স্ত্রীলোক এপর্য্যন্ত আমার নয়ন-গোচর হয় নাই। এই দয়াময়ীর দৌমামূর্ত্তি, আমার হৃদয়মন্দিরে, দেবীমূর্ত্তির স্থায়, প্রতিষ্ঠিত হইয়া, বিরাজমান রহিয়াছে। **প্রানন্ধ** ক্রমে, ভাঁহার কথা উত্থাপিত হইলে, তদীয় অপ্রতিম গুণের কীর্ত্তন করিতে করিতে, অশ্রুপাত না করিয়া থাকিতে পারি না। আমি স্ত্রীজাতির পক্ষপাতী বলিয়া, অনেকে निर्द्धम कतिया थारकन। आभात ताथ इय, म নির্দ্দেশ অসঙ্গত নহে। যে ব্যক্তি রাইমণির স্নেহ, দয়া, দৌজতা প্রভৃতি প্রত্যক্ষ করিয়াছে, এবং ঐ নমস্ত সদ্গুণের ফলভোগী হইয়াছে, দে যদি স্ত্রী-জাতির পক্পাতী না হয়, তাহা হইলে, তাহার তুল্য কৃতত্ব পামর ভূমগুলে নাই। আমি পিতা-মহীদেবীর একান্ত প্রিয় ও নিতান্ত অমুগত ছিলাম। কলিকাতায় আসিয়া, প্রথমতঃ কিছু দিন, তাঁহার জন্য, যারপর নাই, উৎক্তিত হইয়াছিলাম। সময়ে

সময়ে, তাঁছাকে মনে করিয়া কাঁদিয়া ফেলিতাম।
কিন্তু দয়াময়ী রাইমণির স্নেছে ও যত্নে, আমার
সেই বিষম উৎকণ্ঠা ও উৎকট অসুখের অনেক
অংশে নিবারণ হইয়াছিল।

্ এই সময়ে, পিতৃদেব, মাসিক দশ টাকা বেতনে, জোড়াসাঁকোনিবাদী রামস্থদর মল্লিকের নিকট নিযুক্ত ছিলেন। বড়বাজারের চকে মল্লিক মহাশয়ের এক দোকান ছিল। ঐ দোকানে লোহা ও পিতলের নানাবিধ বিলাতি জিনিস বিক্রীত इहेछ। (य मकल খরিদদার ধারে জিনিস কিনি-তেন, ভাঁহাদের নিকট হইতে পিতৃদেবকে টাকা আদায় করিয়া আনিতে হইত। প্রতিদিন, প্রাতে এক প্রছরের সময়, কর্মস্থানে যাইতেন; রাত্রি এক প্রহরের সময়, বাদায় আসিতেন। এ অবস্থায়, অন্যত্র বাদা হইলে, আমার মত পলীগ্রামের অন্টমবর্ষীয় বালকের পক্ষে, কলিকাভায় থাকা কোনও মতে চলিতে পারিত না।

জগদুর্লভবাবুর বাটীর অতি সন্নিকটে, শিবচরণ মল্লিক নামে এক সম্পন্ন স্ববর্ণবণিক ছিলেন। তাঁহার বাটীতে একটি পাঠশালা ছিল। ঐ পাঠশালায় তাঁহার পুল, ভাগিনেয়, জগদুর্লভবারুর
ভাগিনেয়েরা, ও আর তিন চারিটি বালক শিক্ষা
করিতেন। কলিকাতায় উপিছিতির পাঁচ সাত দিন
পরেই, আমি ঐ পাঠশালায় প্রেরিত হইলাম।
অগ্রহায়ণ, পৌষ, মাঘ, এই তিন মাস তথায়
শিক্ষা করিলাম। পাঠশালায় শিক্ষক স্বরূপচন্দ্র
দাস, বীরসিংহের শিক্ষক কালীকান্ত চট্টোপাধ্যায়
অপেক্ষা, শিক্ষাদান বিষয়ে, বোধ হয়, অধিকতর
নিপুণ ছিলেন।

কাল্কন মাদের প্রারম্ভে আমি রক্তাতিসাররোগে আক্রান্ত হইলাম। ঐ পল্লীতে হুর্গাদাস কবিরাজ নামে চিকিৎসক ছিলেন; তিনি আমার চিকিৎসা করিলেন। রোগের নিরতি না হইয়া, উত্তরোত্তর রিদ্ধিই হইতে লাগিল। কলিকাতায় থাকিলে, আরোগ্যলাভের সন্তাবনা নাই, এই দ্বির করিয়া, পিতৃদেব বাটীতে সংবাদ পাঠাইলেন। সংবাদ পাইবামাত্র, পিতামহীদেবী, অন্থির হইয়া, কলিকাতায় উপস্থিত হইলেন, এবং হুই তিন দিন

অবস্থিতি করিয়া, আমায় লইয়া বাটী প্রস্থান করিলেন। বাটীতে উপস্থিত হইয়া, বিনা চিকিৎ-সায়, সাত আট দিনেই, জামি সম্পূর্ণরূপে রোগমুক্ত হইলাম।

্জ্যৈষ্ঠ মাদের প্রারন্তে, আমি পুনরায় কলি-কাতায় আনীত হইলাম। প্রথমবার কলিকাতায় আদিবার সময়, একজন ভৃত্য সঙ্গে আদিয়াছিল। किय़ कर्न हिना, जांत्र हिन ना शांत्रित, जे ভূত্য খানিক আমায় কাঁধে করিয়া লইয়া আদিত। এবার আদিবার পূর্বের, পিতৃদেব আমায় জিজ্ঞাসা করিলেন, কেমন চলিয়া যাইতে পারিবে, না লোক লইতে হইবেক। আমি বাছাছরি করিয়া বলিলাম, लोक नईएउ इरेटक ना, आग्नि अनोग्नाटम हिमा যাইতে পারিব। তদমুদারে আর লোক লওয়া আবশ্যক হইল না। পিতৃদেব আমায় লইয়া বাটী **इरेट विर्शिष्ठ इरेटनन। याज्रुटनवीत याजूनान**प्त পাতুল বীরসিংহ হইতে ছয় ক্রোশ দূরবর্তী। এই ছয় ক্রোশ অবলীলাক্রমে চলিয়া আদিলাম। দে দিন পাতুলে অবস্থিতি করিলাম।

তারকেশ্বরের নিকটবর্তী রামনগর নামক গ্রাম আমার কনিষ্ঠা পিতৃষ্কা অন্নপূর্ণাদেবীর শশুরালয়। ইতিপূর্বে অন্নপূণীদেবী অসুস্থ হইয়াছিলেন; এজন্য, পিতৃদেব, কলিকাডায় আসিবার সময়, ভাঁহাকে দেথিয়া যাইবেন, স্থির করিয়াছিলেন। তদমুসারে, আমরা পরদিন প্রাতঃকালে, রামনগর অভিমুখে প্রস্থান করিলাম। রামনগর পাতুল হইতে ছয় ক্রোশ দূরবর্তী। প্রথম হুই তিন ক্রোশ অনায়াদে চলিয়া আদিলাম। শেষ তিন ক্রোশে বিষম সঙ্কট উপস্থিত হইল। তিন ক্রোশ চলিয়া, আমার পা এত টাটাইল, যে আর ভুমিতে পা পাতিতে পারা যায় না। ফলকথা এই, আর আমার চলিবার ক্ষমতা কিছুমাত্র রছিল না। অনেক কটে চারি পাঁচ দণ্ডে আধ ক্রোশের অধিক চলিতে পারিলাম না। বেলা হুই প্রহরের অধিক হুইল, এখনও হুই ক্রোশের অধিক পথ বাকী রহিল।

আমার এই অবস্থা দেখিয়া, পিতৃদেব বিপদ্গ্রস্ত হইয়া পড়িলেন। আগের মাঠে ভাল তরমুজ পাওয়া যায়, শীদ্র চলিয়া আইন, এখানে তরমুজ কিনিয়া খাওয়াইব। এই বলিয়া তিনি লোভপ্রদর্শন করিলেন; এবং অনেক কক্টে ঐ স্থানে উপস্থিত হইলে, তরমুজ কিনিয়া খাওয়াইলেন। তরমুজ বড় মিষ্ট লাগিল। কিন্তু পার টাটানি কিছুই কমিল না। বরং খানিক বসিয়া থাকাতে, দাঁড়াইবার ক্ষমতা পর্যান্ত রহিল না। ফলতঃ, আর এক পা চলিতে পারি, আমার সেরপ ক্ষমতা রহিল না। পিতৃদেব অনেক ধমকাইলেন, এবং তবে তুই এই মাঠে একলা থাক, এই বলিয়া, ভয় দেখাইবার নিমিত্ত, আমায় ফেলিয়া খানিক দূর চলিয়া গেলেন। আমি উচ্চৈঃম্বরে রোদন করিতে লাগিলাম। পিতৃ-দেব দাতিশয় বিরক্ত হইয়া, কেন তুই লোক আনিতে দিলি না, এই বলিয়া যথোচিত তিরক্ষার করিয়া, হুই একটা থাবড়াও দিলেন।

অবশেষে নিতান্ত নিরুপার ভাবিয়া, পিতৃদেব আমার কাঁথে করিয়া লইয়া চলিলেন। তিনি স্বভাবতঃ হুর্ম্বল ছিলেন, অফমবর্ষীয় বালককে ক্ষন্ধে লইয়া অধিক দূর যাওয়া তাঁহার ক্ষমতার বহিভূত। স্তরাং থানিক গিয়া আমায় ক্ষম হইতে নামাই-

(लन এবং विलालन, वावा थानिक हिलाया आहेम, আমি পুনরায় কাঁধে করিব। আমি চলিবার চেষ্টা করিলাম, কিন্তু কিছুতেই চলিতে পারিলাম না। অতঃপর, আর আমি চলিতে পারিব, সে প্রত্যাশা নাই দেখিয়া, পিতৃদেব খানিক আমায় ক্ষন্ধে कतिया नहेरछ नाशिरनन, थानिक পরেই ক্লান্ত হইয়া, আমায় নামাইয়া বিশ্রাম করিতে লাগিলেন। এইরূপে হুই ক্রোশ পথ যাইতে প্রায় দেড়প্রহুর লাগিল। সায়ংকালের কিঞ্চিৎ পূর্ব্বে জামরা রাম-নগরে উপস্থিত হইলাম, এবং তথায় দে রাত্রি বিশ্রাম করিয়া, পরদিন জ্রীরামপুরে থাকিয়া, তৎপর দিন কলিকাতায় উপস্থিত হইলাম।

গুরুমহাশয়ের পার্চশালায় যত দূর শিক্ষা দিবার প্রাণালী ছিল, কালীকান্ত চট্টোপাধ্যায়ের ও স্বরূপ-চন্দ্র দাদের নিকট আমার সে পর্যন্ত শিক্ষা হইয়াছিল। অতঃপর কিরূপ শিক্ষা দেওয়া উচিত, এ বিষয়ে পিতৃদেবের আত্মীয়বর্গ, স্ব স্ব ইচ্ছার অনুযায়ী পরামর্শ দিতে লাগিলেন। শিক্ষা বিষয়ে আমার কিরূপ ক্ষমতা আছে, এ বিষয়ের আলো- চনা হইতে লাগিল। সেই সময়ে, প্রাসম্করেম, পিতৃদেব মাইল ফোনের উপাধ্যান বলিলেন। সে উপাধ্যান এই—

প্রথমবার কলিকাতায় আদিবার সময়, দিয়া-খালায় সালিখার বাঁধারাস্তায় উঠিয়া, বাটনাবাটা শিলের মত একখানি প্রস্তর রাস্তার ধারে পোতা দেখিতে পাইলাম। কৌতূহলাবিষ্ট হইয়া, পিতৃ-(मर्वाटक किञ्जामिलाय, वावा, त्राञ्जात धारत मिल পোতা আছে কেন। তিনি, আমার জিজ্ঞাস। শুনিয়া, হাস্মমুখে কহিলেন, ও শিল নয়, উহার নাম माइल (छोन। जामि विलाम, वावा, माइल (छोन কি, কিছুই বুঝিতে পারিলাম না। তখন তিনি विलितन, अिं देश्रदाकी कथा, मारेल भेटकत अर्थ আধ ক্রোশ; ফোন শব্দের অর্থ পাথর; এই রাস্তার আধ আধ ক্রোশ অন্তরে, এক একটি পাথর পোতা আছে; উহাতে এক, হুই, তিন প্রভৃতি অঙ্ক খোদা রহিয়াছে; এই পাথরের অঙ্ক উনিশ; ইহা দেখিলেই লোকে বুঝিতে পারে, এখান হইতে कलिकाञा छिनिम माहेल, अर्थाए, माएए नम्र क्लाम।

এই বলিয়া, তিনি আমাকে ঐ পাথরের নিকট লইয়া গেলেন।

নামতায় ''একের পিঠে নয় উনিশ' ইছা শিখিয়াছিলাম। দেখিবামাত্র আমি প্রথমে এক অক্ষের, তৎ পরে নয় অঙ্কের উপর হাত দিয়া বলিলাম, তবে এইটি ইঙ্গরেজীর এক. আর এইটি ইঙ্গরেজীর নয়। অনন্তর বলিদাম, তবে বাবা, ইহার পর যে পাথরটি আছে, তাহাতে আঠার, তাহার পরটিতে সতর, এইরূপে ক্রমে ক্রমে এক পর্য্যন্ত অঙ্ক দেখিতে পাইব। তিনি বলিলেন, আজ হুই পর্যান্ত অঙ্ক দেখিতে পাইবে, প্রথম মাইল ফোন যেখানে পোতা আছে, আমরা দে দিক দিয়া যাইব না। যদি দেখিতে চাও, এক দিন দেখাইয়া দিব। আমি বলিলাম, সেটি দেখিবার আর দরকার নাই: এক অঙ্ক এইটিতেই দেখিতে পাইয়াছি। বাবা, আজ পথে যাইতে যাইতেই, আমি ইঙ্গরেজীর অষ্কগুলি চিনিয়া ফেলিব।

এই প্রতিজ্ঞা করিয়া, প্রথম মাইল ফোনের নিকটে গিয়া, সামি অঙ্কগুলি দেখিতে ও চিনিতে আরম্ভ করিলাম। মনবেড় চটীতে দশম মাইল ফৌন দেখিয়া, পিতৃদেবকে সম্ভাষণ করিয়া বলিলাম, বাবা আমার ইঙ্গরেজী অঙ্ক চিনা হইল। পিতৃদেব বলি-লেন, কেমন চিনিয়াছ, তাহার পরীক্ষা করিতেছি। এই বলিয়া, তিনি নবম, অষ্টম, সপ্তম, এই তিনটি महिल रहीन कुरम कुरम (नशहिश किक्कामितन. আমি এটি নয়, এটি আট, এটি সাত, এইরূপ বলিলাম। পিতৃদেব ভাবিলেন, আমি যথার্থই অঙ্ক-গুলি চিনিয়াছি, অথবা নয়ের পর আট, আটের পর সাত অবধারিত আছে. ইহা জানিয়া, চালাকি করিয়া, নয়, আট, সাত বলিতেছি। যাহা হউক, ইহার পরীকা করিবার নিমিত্ত, কৌশল করিয়া. जिनि जामारक यर्ष माहेल रहीनि एिविट पितन ना; जनखत, शक्षम मार्रेल स्टोनिं (पशरिया) জিজ্ঞাদা করিলেন, এটি কোন মাইল ফৌন বল (मिथ) जामि (मिथेश) विनाम, वावा, अहे माहेन क्षीनि श्रुमिट जुन स्रेशार ; अपि इस स्रेटिक, না হইয়া পাঁচ খুদিয়াছে।

এই কথা শুনিয়া, পিতৃদেব ও তাঁহার সমভি-

ব্যাহারীরা অতিশয় আহলাদিত হইয়াছেন, ইহা তাঁহাদের মুখ দেখিয়া স্পষ্ট বুঝিতে পারিলাম। ৰীরসিংহের গুরুমহাশয় কালীকান্ত চট্টোপাধ্যায়ও ঐ সমভিব্যাহারে ছিলেন; তিনি আমার চিবুকে ধরিয়া "বেদ বাবা বেদ" এই কথা বলিয়া, অনেক ञानीस्तान कतिरलन, धवः शिक्रानवरक मरशिशा বলিলেন, দাদামহাশয়, আপনি ঈশবের লেগা পড়া বিষয়ে যতু করিবেন। যদি বাঁচিয়া থাকে, মানুষ হইতে পারিবেক। যাহা হউক, আমার এই পরীকা করিয়া, তাঁহারা সকলে যেমন আহলাদিত হইয়া-ছিলেন, তাঁহাদের আহ্লাদ দেখিয়া, আমিও তদন্ত্ব-রূপ আহ্লাদিত হইয়াছিলাম।

মাইল ফোনের উপাখ্যান শুনিয়া, পিতৃদেবের পরামর্শনাতা আত্মীয়েরা একবাক্য হইয়া, "তবে ইহাকে রীতিমত ইঙ্গরেজী পড়ান উচিত'' এই ব্যবস্থা স্থির করিয়া দিলেন। কর্ণওয়ালিশ ফ্রীটে, সিদ্ধেশ্বরী তলার ঠিক পূর্ব্বদিকে একটি ইঙ্গরেজী বিস্তালয় ছিল। উহা হের সাহেবের স্কুল বলিয়া প্রসিদ্ধ। পরামর্শনাতারা ঐ বিস্তালয়ের উল্লেখ করিয়া, বিদ্

লেন, উহাতে ছাত্রেরা বিনা বেতনে শিক্ষা পাইয়া থাকে; ঐ স্থানে ইহাকে পড়িতে দাও; যদি ভাল শিখিতে পারে, বিনা বেতনে হিন্দু কালেজে পড়িতে পাইবেক; হিন্দুকালেজে পড়িলে ইম্বরেজীর চূড়ান্ত হইবেক। আর, যদি তাহা না হইয়া উঠে, মোটামুটি শিখিতে পারিলেও, অনেক কাজ দেখিবেক, কারণ, মোটামুটি ইম্বরেজী জানিলে, হাতের লেখা ভাল হইলে, ও যেমন তেমন জমাখরচ বোধ থাকিলে, সওদাগর সাহেবদিগের হৌসে ও সাহেব-দের বড় বড় দোকানে অনায়াসে কর্মা করিতে পারিবেক।

আমরা পুরুষান্তক্রমে সংস্কৃতব্যবসায়ী; পিতৃদেব অবস্থার বৈগুণা বশতঃ, ইচ্ছান্তরূপ সংস্কৃত পড়িতে পারেন নাই; ইছাতে তাঁছার অন্তঃকরণে অতিশয় ক্ষোভ জন্মিয়াছিল। তিনি সিদ্ধান্ত করিয়া রাগিয়া-ছিলেন, আমি রীতিমত সংস্কৃত শিগিয়া চতুপাসীতে অধ্যাপনা করিব। এজন্য পূর্বোক্ত পরামর্শ তাঁছার মনোনীত হইল না। তিনি বলিলেন, উপার্জনক্ষম হইয়া, সামার দ্বঃগ ঘুচাইবেক, আমি সে উদ্দেশে ঈশরকে কলিকাতায় আনি নাই। আমার একান্ত অভিলাম, সংস্কৃত শাস্ত্রে ক্লতবিস্ত হইয়া দেশে চতুপ্রাঠী করিবেক, তাহা হইলেই আমার সকল ক্ষোভ দূর হইবেক। এই বলিয়া, তিনি আমায় ইঙ্গরেজী স্কুলে প্রবেশ বিষয়ে, আন্তরিক অসমতি প্রদর্শন করিলেন। তাঁহারা অনেক পীড়াপীড়ি করিলন, তিনি কিছুতেই স্মত হইলেন না।

মাতৃদেবীর মাতুল রাধামোহন বিভাভূষণের পিতৃব্যপুত্র মধুস্থদন বাচম্পতি সংস্কৃত কালেজে অধ্যয়ন করিতেন। তিনি পিতৃদেবকে বলিলেন, আপনি ঈশ্বরকে সংস্কৃত কালেজে পড়িতে দেন, তাহা হইলে, আপনকার অভিপ্রেত সংস্কৃত শিকা সম্পন্ন হইবেক; আর যদি চাকরী করা অভিপ্রেত হয়, তাহারও বিলক্ষণ স্থবিধা আছে; সংস্কৃত কালেজে পড়িয়া, যাহারা ল কমিটার পরীক্ষায় উত্তীর্ণ হয়, তাহারা আদালতে জজপণ্ডিতের পদে নিযুক্ত হইয়া থাকে। অতএব, আমার বিবেচনায়, ঈশ্বরকে সংস্কৃত কালেজে পড়িতে দেওয়াই উচিত। চতুষ্পাসী অপেকা কালেজে রীতিমত সংস্কৃত শিক্ষা

হইয়া থাকে। বাচম্পতি মহাশয় এই বিষয় বিলক্ষণ রূপে পিতৃদেবের হৃদয়ঙ্গম করিয়া দিলেন। অনেক বিবেচনার পর, বাচম্পতি মহাশয়ের ব্যবস্থাই অব-

लश्नीय खित इहेल।

म् प्रकासम्बद्धान्य । ज्यानिक स्ट्रा । १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८० | १८८०

PRINTED BY UPENDRA NATUA CHAKRAVARTI,

AT THE SANSKRIT PRESS,

No. 62, Amherst Street, Calcutta.